রেজিস্ট্রার কার্যালয়
ইউনিভার্সিটি অব ফ্রন্টিয়ার টেকনোলজি, বাংলাদেশ
কালিয়াকৈর, গাজীপুর-১৭৫০
ওয়েব: www.uftb.ac.bd
ই-মেইল: registrar@uftb.ac.bd

Office of the Registrar
University of Frontier Technology, Bangladesh
Kaliakair, Gazipur-1750
Web: www.uftb.ac.bd
E-mail: registrar@uftb.ac.bd

পুনঃ নিয়োগ বিজ্ঞপ্তি

স্মারক নং- ৩৭.০১.৩৩০৫.০৩৯.১১.০০২.২৬. ০০২৯

তারিখঃ ২৪ আষাঢ় ১৪৩৩ / ৮ জুলাই ২০২৬

ইউনিভার্সিটি অব ফ্রন্টিয়ার টেকনোলজি, বাংলাদেশ এর নিম্নবর্ণিত স্থায়ী শূন্য পদ সমূহে নিয়োগের লক্ষ্যে জন্মসূত্রে বাংলাদেশী স্থায়ী নাগরিকদের নিকট হতে Online- এ আবেদন আহ্বান করা যাচ্ছে।

ক্র. নং.	পদের নাম, অফিস, বেতন স্কেল, গ্রেড ও বয়স	পদ সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
	কর্মকর্তা		
০১	**পরিচালক** অর্থ ও হিসাব অফিস বেতনস্কেলঃ ৫৬৫০০- ৭৪৪০০/- গ্রেড-৩ বয়সঃ ন্যূনতম ৪৫ বছর	১টি	• প্রার্থীকে সরকার স্বীকৃত কোনো বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্য বিষয়ে স্নাতক (সম্মান)সহ স্নাতকোত্তর ডিগ্রি থাকতে হবে। • প্রার্থীকে শিক্ষা জীবনে সনদ প্রাপ্ত সকল পরীক্ষায় ন্যূনতম ২য় বিভাগ/শ্রেণি অথবা জিপিএ ৫.০০ স্কেলে ৩.৫০ এবং সিজিপিএ ৪.০০ স্কেলে ৩.০০ থাকতে হবে। • সরকারি/স্বায়ত্বশাসিত/আধা-সরকারি প্রতিষ্ঠানে ১ম শ্রেণীর (৯ম গ্রেড বা তদূর্ধ্ব) পদে মোট ১৫ (পনেরো) বছরের চাকরির বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। • সংশ্লিষ্ট বিভাগে উপ-পরিচালক (অর্থ ও হিসাব) বা তদূর্ধ্ব পদে ন্যূনতম ০৫ (পাঁচ) বছর চাকরির বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। • আর্থিক বিধিমালা ও বাজেট প্রস্তুতের অভিজ্ঞতা থাকতে হবে। • কম্পিউটার ও বিশ্ববিদ্যালয় অটোমেশন সফটওয়্যার এবং একাউন্টিং ম্যানেজমেন্ট সফটওয়্যার ব্যবহারে দক্ষ প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে।
০২	**পরিচালক** পরিকল্পনা ও উন্নয়ন অফিস বেতনস্কেলঃ ৫৬৫০০- ৭৪৪০০/- গ্রেড-৩ বয়সঃ ন্যূনতম ৪৫ বছর	১টি	• প্রার্থীকে সরকার স্বীকৃত কোনো বিশ্ববিদ্যালয় হতে সিভিল ইঞ্জিনিয়ারিং/ আর্কিটেকচার /বিল্ডিং ইঞ্জিনিয়ারিং এন্ড কনস্ট্রাকশন ম্যানেজমেন্ট বিষয়ে ইঞ্জিনিয়ারিং/ আরবান রুরাল প্ল্যানিং বিষয়ে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রিসহ স্নাতকোত্তর ডিগ্রি থাকতে হবে। • প্রার্থীকে শিক্ষা জীবনে সনদ প্রাপ্ত সকল পরীক্ষায় ন্যূনতম ২য় বিভাগ/শ্রেণি অথবা জিপিএ ৫.০০ স্কেলে ৩.৫০ এবং সিজিপিএ ৪.০০ স্কেলে ৩.০০ থাকতে হবে। • সরকারি/স্বায়ত্বশাসিত/আধা-সরকারি প্রতিষ্ঠানে প্রথম শ্রেণীর (৯ম গ্রেড বা তদূর্ধ্ব) পদে মোট ১৫ (পনেরো) বছরের চাকরির অভিজ্ঞতা থাকতে হবে তন্মধ্যে উপ-পরিচালক (৫ম গ্রেড)/সমমান বা তদূর্ধ্ব পদে ন্যূনতম ০৫ (পাঁচ) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। • ডিপিপি প্রস্তুতের অভিজ্ঞতা থাকতে হবে। • সরকারি ক্রয়বিধি পিপিএ-২০২৬, পিপিআর-২০২৫ বিষয়ে সুস্পষ্ট ধারণাসহ বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। • পরিকল্পনা ও উন্নয়ন বিষয়ক কোনো ডিগ্রি/ডিপ্লোমা থাকলে তা অতিরিক্ত যোগ্যতা হিসাবে বিবেচিত হবে। • কম্পিউটার ও বিশ্ববিদ্যালয় অটোমেশন সফটওয়্যার ব্যবহারে দক্ষ হতে হবে।
	মোট পদঃ	২ টি	

শর্তাবলিঃ

১. আগ্রহী প্রার্থীদের আগামী ৩১/০৭/২০২৬ তারিখ রাত ১২.০০ টার মধ্যে অত্র বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটঃ https://jobs.uftb.ac.bd এ Online Application Form পূরণের মাধ্যমে আবেদন করতে হবে। উক্ত Application Form ও নিয়োগ বিজ্ঞপ্তি ০৯/০৭/২০২৬ তারিখ রাত ১২.০০ টার পর থেকে বর্ণিত ওয়েবসাইটে পাওয়া যাবে।

২. প্রার্থীদেরকে সকল শিক্ষাগত যোগ্যতার সনদ, ট্রান্সক্রিপ্ট/মার্কশীট, অভিজ্ঞতা সনদপত্র(প্রযোজ্য ক্ষেত্রে), জাতীয় পরিচয়পত্র, চাকরিরত হলে কর্তৃপক্ষের অনুমতিপত্রের রঙিন স্ক্যান কপি User ID ও Password দিয়ে Login করে Online Application Form এর নির্ধারিত অংশে সংযুক্ত করতে হবে।

৩. প্রার্থীদের নিয়োগ সংক্রান্ত সকল পরীক্ষার তারিখ এসএমএস/ ওয়েবসাইটের মাধ্যমে জানানো হবে এবং পরীক্ষার প্রবেশ পত্র বিশ্ববিদ্যালয়ের জব ওয়েবসাইটঃ https://jobs.uftb.ac.bd থেকে ডাউনলোড করতে হবে। এই মর্মে কোন ধরনের পত্র ইস্যু করা হবে না।

৪. সাক্ষাৎকারের সময় সকল মূল সনদ ও সংশ্লিষ্ট অন্যান্য কাগজপত্র সঙ্গে আনতে হবে।

৫. আবেদনের শেষ তারিখ হতে বয়স গণনা করা হবে।

৬. অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ ও ভুল তথ্য সম্বলিত আবেদন বাতিল বলে গণ্য হবে।

৭. গত ২০/০৫/২০২৬ তারিখ, স্মারক নং- ৩৭.০১.৩৩০৫.০৩৯.১১.০০২.২৪.৪৮৮০ এর প্রেক্ষিতে অত্র বিশ্ববিদ্যালয়ের প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তি-তে উল্লেখিত পরিচালক (অর্থ ও হিসাব অফিস) এবং পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন অফিস) পদের শর্ত মোতাবেক আবেদনকৃত যোগ্য প্রার্থীদের পুনরায় আবেদনের প্রয়োজন নেই।

রেজিস্ট্রার কার্যালয়
ইউনিভার্সিটি অব ফ্রন্টিয়ার টেকনোলজি, বাংলাদেশ
কালিয়াকৈর, গাজীপুর-১৭৫০
ওয়েব: www.uftb.ac.bd
ই-মেইল: registrar@uftb.ac.bd

Office of the Registrar
University of Frontier Technology, Bangladesh
Kaliakair, Gazipur-1750
Web: www.uftb.ac.bd
E-mail: registrar@uftb.ac.bd

৮. এ নিয়োগ ইউনিভার্সিটি অব ফ্রন্টিয়ার টেকনোলজি, বাংলাদেশ এর নিয়োগ, পদোন্নতি ও আপগ্রেডেশন সংবিধি ও বিশ্ববিদ্যালয় আইন অনুযায়ী পরিচালিত হবে।

৯. প্রার্থীদের আবেদনের সকল তথ্য সঠিকভাবে পূরণ করে অনলাইনে অর্থ মন্ত্রণালয় এর গত ৩০/১২/২০২৪ ইং তারিখের ০৭.০০.০০০০.১৭২.৩৭.০০৩.১৫-৩৬২ নং স্মারক মোতাবেক পরীক্ষার ফি সংক্রান্ত নির্দেশনা অনুসরণ করে গ্রেড-১০ বা তদূর্ধ্ব পদের জন্য ২০০/-(দুইশত) টাকা, ১১তম থেকে ১২তম গ্রেড ১৫০/-(একশত পঞ্চাশ) টাকা, ১৩তম থেকে ১৬তম গ্রেড ১০০/-(একশত) টাকা, ১৭তম থেকে ২০তম গ্রেড ৫০/-(পঞ্চাশ) টাকা এবং সকল গ্রেড (অনগ্রসর নাগরিক) ৫০/-(পঞ্চাশ) টাকা জমা দিতে হবে (পেমেন্ট নির্দেশিকা বিশ্ববিদ্যালয়ের জব ওয়েবসাইটঃ https://jobs.uftb.ac.bd এ পাওয়া যাবে)।

১০. নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান কোটা পদ্ধতির সর্বশেষ সরকারি আদেশ/ প্রজ্ঞাপন বিবেচিত হবে।

১১. বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যেকোন আবেদনপত্র গ্রহণ বা বাতিল এবং নিয়োগ কার্যক্রমের আংশিক/ সম্পূর্ণ পরিবর্তন/ বাতিল এবং পদের সংখ্যা হ্রাস/ বৃদ্ধির ক্ষমতা সংরক্ষণ করে।

১২. নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। কোন ধরনের সুপারিশ প্রার্থীর অযোগ্যতা হিসাবে বিবেচিত হবে।

১৩. বিদেশী বিশ্ববিদ্যালয় হতে অর্জিত উচ্চ ডিগ্রির ক্ষেত্রে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (ইউজিসি) হতে ইস্যুকৃত সমমানের সনদ আবেদনের সময় অবশ্যই দাখিল করতে হবে।

১৪. পরীক্ষার ফল প্রকাশ হয়নি এমন প্রার্থীদের আবেদনপত্র বিবেচিত হবে না।

১৫. নিয়োগ লাভের পর প্রার্থীর প্রদত্ত কোন তথ্য মিথ্যা প্রমাণিত হলে নিয়োগ বাতিলসহ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৬. Online আবেদনে কোন ধরনের সমস্যার সম্মুখীন হলে **০৯৬৬৬৭৭৫৫৩৪** নম্বরে ফোন করে জরুরি সেবা গ্রহণ করা যেতে পারে।

৪.৭.২৬
(মুহাম্মদ আতাউর রহমান খান)
রেজিস্ট্রার
ইউনিভার্সিটি অব ফ্রন্টিয়ার টেকনোলজি, বাংলাদেশ

স্মারক নং- ৩৭.০১.৩৩০৫.০৩৯.১১.০০২.২৬.০০২৯

তারিখঃ ২৪ আষাঢ় ১৪৩৩ / ৮ জুলাই ২০২৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রদান করা হলো:(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. উপাচার্য মহোদয়ের একান্ত সচিব, ইউএফটিবি (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২. সহকারী রেজিস্ট্রার, ট্রেজারার অফিস, ইউএফটিবি (ট্রেজারার মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩. জনাব মোঃ রুম্মান ইসলাম নূর, লার্নিং ম্যানেজার, ইউএফটিবি (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪. অফিস ফাইল/ গার্ড ফাইল, ইউএফটিবি।
৫. সকল নোটিশ বোর্ড, ইউএফটিবি।

০৮.০৭.২৬
(মোঃ ইউনুছ পাটওয়ারী)
সহকারী রেজিস্ট্রার
ইউনিভার্সিটি অব ফ্রন্টিয়ার টেকনোলজি, বাংলাদেশ